USAID
আমেরিকার জনগণের পক্ষ থেকে

Save the Children

ইউএসএআইডি'র 'মামনি' মাতৃ ও নবজাতক স্বাস্থ্যসেবা উন্নয়ন প্রকল্প

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) কাউন্সেলিং বান্ডেল

Institute for Healthcare Improvement

পর্ব ০১ ঃ সাধারণ আলোচনা

পর্ব ২ ঃ ক্লিনিকাল বান্ডেল

পর্ব ০৩ ঃ উন্নয়নের মডেল এবং লক্ষ্য নির্ধারণ

পর্ব ০৪ ঃ পরিমাপ, ডেটা সংগ্রহ, বিশ্লেষণ, শেয়ারিং

পর্ব ০৫ ঃ সমস্যা বিশ্লেষণ এবং পিডিসিএ

তথ্যসূত্র

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা ও কাউন্সেলিং

পর্ব ০১ ঃ সাধারণ আলোচনা

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) কী?

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা হচ্ছে প্রসবের পর এক বৎসরের মধ্যে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ করা।

প্রসব পরবর্তী সময় মা ও নবজাতকের স্বাস্থ্যের উচ্চ ঝুঁকি বিদ্যমান থাকে। সন্তান জন্মের দুই বৎসরের মধ্যে আবার মা গর্ভবতী হলে মায়ের স্বাস্থ্য খারাপ হওয়ার ঝুঁকি থাকে। মা ও শিশু অপুষ্টিতে ভুগে। তাই সুস্থ মা ও সুস্থ শিশু নিশ্চিত করতে প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনার প্রয়োজন।

সূত্র ঃ পরিবার পরিকল্পনা ম্যানুয়াল; পরিবার পরিকল্পনা অধিদপ্তর; মে, ২০১৭

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি)ঃ কাউন্সেলিং

গ্রহীতা ও সেবা প্রদানকারীর মধ্যে দ্বিমুখী যোগাযোগ প্রক্রিয়া, যা গ্রহীতাকে কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে। পরিবার পরিকল্পনা কাউন্সেলিং সামগ্রিক অর্থে একটি পরিবার পরিকল্পনা সেবাদান প্রক্রিয়া, যার মাধ্যমে একজন ইচ্ছুক সেবা গ্রহীতা, সেবাদানকারীর সাথে খোলাখুলি আলাপ আলোচনা করে, ভাল-মন্দ জেনে পরিবার পরিকল্পনার, যেকোন একটি পদ্ধতি পছন্দ এবং স্বেচ্ছায় গ্রহণের সিদ্ধান্ত নিতে পারেন।



সূত্র ঃ পরিবার পরিকল্পনা ম্যানুয়াল; পরিবার পরিকল্পনা অধিদপ্তর; মে, ২০১৭

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি)ঃ কাউন্সেলিং

কাউন্সেলিং এর মূলনীতি ঃ

- সেবাগ্রহীতার সাথে ভালো ব্যবহার ও সম্মান প্রদর্শন করা
- সেবাগ্রহীতা ও সেবাদানকারীর মধ্যে সুসম্পর্ক স্থাপন করা
- যথোপযুক্ত তথ্য প্রদান করা
- সেবাগ্রহীতাকে স্বেচ্ছায় পরিবার পরিকল্পনা পদ্ধতি পছন্দে সহায়তা করা
- সেবাগ্রহীতার সমস্যার সমাধান ও প্রয়োজন মেটাতে সাহায্য করা
- গ্রহীতাকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সহায়তা করা, পরবর্তী সেবার সময় বা ফলো-আপ ও তার নিয়মাবলী জানিয়ে দেয়া



সূত্র ঃ পরিবার পরিকল্পনা ম্যানুয়াল; পরিবার পরিকল্পনা অধিদপ্তর; মে, ২০১৭

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি)ঃ কাউন্সেলিং

কাউন্সেলিং কেন প্রয়োজন?

- পরিবার পরিকল্পনার সেবাদান পদ্ধতি সম্পর্কে কাউন্সেলিং ও অবহিতকরণ একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।
- পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ বস্তুত একটি ব্যক্তিগত পছন্দের ব্যাপার। পরিবার পরিকল্পনা পদ্ধতি যারা গ্রহণ করেন তারা সবাই সুস্থ্য মানুষ। গ্রহণকারীর জন্য কোন পদ্ধতি বা পদ্ধতিগুলি উপযুক্ত, তার ভিত্তি হল কাউন্সেলিং এবং অবহিতকরণ। সুতরাং কিভাবে তাদেরকে বোঝাতে হবে বা কীভাবে তাদের পরামর্শ দিতে হবে, তা সেবা প্রদানকারীদের জানা প্রয়োজন।
- প্রত্যেক ব্যক্তিরই কোন কিছু গ্রহণ, বর্জন, পছন্দ বা অপছন্দের পূর্ণ স্বাধীনতা আছে। পরিবার পরিকল্পনার পদ্ধতি সমূহের সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়াসহ সকল তথ্য সঠিকভাবে বুঝিয়ে, গ্রহীতার সকল বৈশিষ্ট্য যুক্তিযুক্তভাবে বিশ্লেষণ করে, সঠিক ও উপযুক্ত পদ্ধতি, স্বেচ্ছায় পছন্দ ও গ্রহণের সিদ্ধান্ত বাস্তবায়ন করার মাধ্যমে গ্রহীতাকে সহায়তা করাই এর মূখ্য উদ্দেশ্য।
- পরামর্শদানের সময় ইচ্ছুক গ্রহীতার সকল কথা ধৈর্য্য সহকারে শুনতে হবে এবং তিনি সমস্ত বিষয় কতটুকু বুঝতে পেরেছেন ও কিভাবে বুঝেছেন, তা তার মুখ থেকেই শুনতে হবে।
- ভুল ধারণা থাকলে উদাহরণসহ ভুল ভাঙ্গানো দরকার। এক্ষেত্রে যোগাযোগ উপকরণ ব্যবহার করা যায়।
- প্রয়োজন হলে স্বামী ও স্ত্রীকে একসঙ্গে কাউন্সেলিং করা যেতে পারে।

সূত্র ঃ পরিবার পরিকল্পনা ম্যানুয়াল; পরিবার পরিকল্পনা অধিদপ্তর; মে, ২০১৭

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি)ঃ কাউন্সেলিং

পরিবার পরিকল্পনা কর্মসূচিতে কাউন্সেলিং-এর গুরুত্ব ঃ

পরিবার পরিকল্পনা বা প্রজনন স্বাস্থ্য সেবায় কাউন্সেলিং অতীব গুরুত্বপূর্ণ। এর মাধ্যমে সেবাদানকারী গ্রহীতার নিজের পছন্দমত পরিবার পরিকল্পনা সেবা গ্রহণে সহায়তা করেন। সুষ্ঠ কাউন্সেলিং-এর মাধ্যমে একজন সন্তুষ্ট ব্যবহারকারী তৈরি করা সম্ভব। গ্রহীতা সন্তুষ্ট হলে পদ্ধতি গ্রহণের মেয়াদ দীর্ঘায়িত হবে, পরিবার পরিকল্পনা সেবা ব্যবহারকারীর সংখ্যা বাড়বে এবং কর্মসূচিও সফল হবে।



সূত্র ঃ পরিবার পরিকল্পনা ম্যানুয়াল; পরিবার পরিকল্পনা অধিদপ্তর; মে, ২০১৭

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) শ্রেনিবিভাগ

গর্ভফুল পড়ার পরবর্তী সময় (Post Placental)

গর্ভফুল পড়ার ১০ মিনিটের মধ্যে পরিবার পরিকল্পনার পদ্ধতি গ্রহণ।

প্রসবের পরপরই (Immediate Post Partum) :

প্রসবের পর গর্ভফুল পড়ার ১০ মিনিটের পর হতে ৪৮ ঘন্টার মধ্যে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ।

প্রসব পরবর্তী সময়ের শুরুতেই (Early Post Partum) :

প্রসবের ৪৮ ঘন্টা পর থেকে ৬ সপ্তাহ পর্যন্ত সময়।

বর্ধিত প্রসব পরবর্তী সময় (Extended Post Partum) :

প্রসবের ৬ সপ্তাহের পর থেকে ১ বছরের মধ্যে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ।

সূত্র ঃ পরিবার পরিকল্পনা ম্যানুয়াল; পরিবার পরিকল্পনা অধিদপ্তর; মে, ২০১৭

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) পদ্ধতি

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতিসমূহ:

১) বুকের দুধ খাওয়ানো নির্ভর জন্মবিরতিকরণ পদ্ধতি (ল্যাম)
২) মিশ্র খাবার বড়ি
৩) প্রজেস্টেরণ নির্ভর খাবার বড়ি- মিনিপিল (আপন)
৪) ইনজেকটেবলস
৫) কনডম
৬) ইমপ্ল্যান্ট
৭) আইইউডি
৮) টিউবেকটমি
৯) এনএসভি (ভ্যাসেকটমি)

সূত্র ঃ পরিবার পরিকল্পনা ম্যানুয়াল; পরিবার পরিকল্পনা অধিদপ্তর; মে, ২০১৭

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা কাউন্সেলিং বান্ডেল

পর্ব ২ ঃ ক্লিনিকাল বান্ডেল

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) কাউন্সেলিং বান্ডেল কী?

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) কাউন্সেলিং বান্ডেল যা উদ্দীষ্ট জনগোষ্ঠী এবং সেবা কেন্দ্রের জন্য, সেবার প্রমাণভিত্তিক হস্তক্ষেপ/ ইন্টারভেনশনের একটি ছোট সেট যা একসাথে প্রয়োগ করা হলে স্বতন্ত্রভাবে প্রয়োগ করলে যে ফল হবে তার চাইতে উল্লেখযোগ্য ভাবে আরও ভাল ফলাফল লাভ করা যায়। আইএইচআই (Institute for Healthcare Improvement) স্বাস্থ্য সেবা প্রদানকারীদের সহজাত ঝুঁকি নিয়ে বিশেষ চিকিৎসার মধ্য দিয়ে আসা রোগীদের সর্বোত্তম সম্ভাব্য যত্ন প্রদানের জন্য আরও নির্ভরযোগ্য ভাবে সহায়তা করতে বান্ডেলস ধারণাটি তৈরী করে।

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) কাউন্সেলিং বান্ডেল কখন করা যায়?

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) কাউন্সেলিং প্রদানের সময়

গর্ভকালীন সেবা

স্বাস্থ্য কেন্দ্রে প্রসব

বাড়ীতে প্রসব

প্রসব পরবর্তী সেবা

টিকাদান কেন্দ্রে
শিশুর টিকার সময়

গর্ভপাত পরবর্তী সেবা

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) কাউন্সেলিং বান্ডেল ঃ উপাদানসমূহ

ক. গর্ভকালীন সেবা (এএনসি) গ্রহণকালে প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা বিষয়ে পরামর্শ (কাউন্সেলিং)

খ. স্বাস্থ্য কেন্দ্রে প্রসব করানো মায়েদের জন্য প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা বিষয়ে পরামর্শ (কাউন্সেলিং)

গ. প্রসব পরবর্তী সেবা (পিএনসি) গ্রহণকালে (ওপিডি) প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা বিষয়ে পরামর্শ (কাউন্সেলিং)

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) কাউন্সেলিং বান্ডেল ঃ উপাদানসমূহ

ক. গর্ভকালীন সেবা (এএনসি) গ্রহণকালে প্রসব পরবর্তী পরিকল্পনা বিষয়ে পরামর্শ (কাউন্সেলিং) বান্ডেল

- সন্তান প্রসবের পর পুনরায় গর্ভধারণ ক্ষমতা (Fertility) ফিরে আসার সময়, জন্মবিরতির সুবিধা এবং কমপক্ষে ২ বছর বিরতি নিয়ে গর্ভধারণ করার জন্য পরামর্শ প্রদান
- প্রসবের পর প্রথম ৬ মাস শিশুকে শুধুমাত্র বুকের দুধ খাওয়ানোর জন্য পরামর্শ দেয়া (EBF)
- গর্ভধারণ রোধে ল্যাকটেশন্যাল এ্যমনোরিয়া মেথড (LAM) এর কার্যকর ব্যবহারবিধি এবং LAM ও বুকের দুধ খাওয়ানোর মধ্যে পার্থক্য বুঝিয়ে বলা
- প্রসবের পর যত তাড়াড়াড়ি সম্ভব যেকোন একটি উপযুক্ত আধুনিক পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহার করার জন্য কাউন্সেলিং করা
- প্রসব পরবর্তীতে নির্দিষ্ট সময় ব্যবহার উপযোগী আধুনিক পরিবার পরিকল্পনা পদ্ধতিগুলো গ্রহণের ব্যাপারে পরামর্শ প্রদান (কাউন্সেলিং) [কনডম, মিনিপিল (আপন), ইঞ্জেকটেবলস, মিশ্র খাবাড় বড়ি (সুখী), ইমপ্ল্যান্ট, আইইউডি, টিউবেকটমি, এনএসভি]
- স্বাস্থ্য কেন্দ্রে প্রসবকালীন সময়, প্রসব পরবর্তী সেবার সময় (প্রসবের ৪২ দিনের মধ্যে), বর্ধিত প্রসব পরবর্তী সময় (প্রসবের ৪২ দিনের পর থেকে পরবর্তী ১ বছর) ও শিশুর ই.পি,আই টিকাদানকালে পিপিএফপি সেবা গ্রহণের সুযোগ সম্পর্কে পরামর্শ প্রদান।
- পরিবার পরিকল্পনা পদ্ধতির সম্ভাব্য জটিলতা সম্পর্কে পরামর্শ দেওয়া এবং যেকোন প্রকার পরিবার পরিকল্পনা পদ্ধতি জনিত জটিলতায় নিকটস্থ পরিবার পরিকল্পনা সেবাকেন্দ্রে ফলো-আপ বিষয়ে পরামর্শ প্রদান।

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) কাউন্সেলিং বান্ডেল ঃ উপাদানসমূহ

খ. স্বাস্থ্য কেন্দ্রে প্রসব করানো নারীদের জন্য প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) কাউন্সেলিং বান্ডেল

১. পিপিএফপির বিভিন্ন পদ্ধতির বিষয়ে সাধারণ পরামর্শ (কাউন্সেলিং) প্রদান : (* যদি মায়ের অবস্থা স্থিতিশীল থাকে এবং মা সাড়া দিতে পারেন)

- মা, স্বামী এবং পরিবারকে পুনরায় গর্ভধারণ ক্ষমতা (Fertility) ফিরে আসার সময়,
- জন্ম বিরতির সুবিধা এবং কমপক্ষে ২ বছর বিরতি নিয়ে গর্ভধারণ করার জন্য পরামর্শ,
- বিভিন্ন পরিবার পরিকল্পনা পদ্ধতির প্রাপ্তি/সহজলভ্যতা এবং সেগুলো ব্যবহারের উপযুক্ত সময় সম্পর্কে পরামর্শ দান করা।

২. যদি পরামর্শ গ্রহণকারী নিজেই কোন পদ্ধতি নির্বাচন করেন, তাহলে সেই পদ্ধতির উপর আলোকপাত করে বিশেষভাবে পরামর্শ (কাউন্সেলিং) প্রদান

- ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ঃ আইইউডি, মিনিপিল (আপন)
- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ঃ আইইউডি, মিনিপিল (আপন), ইমপ্ল্যান্ট, টিউবেকটমি (CEmoC), এনএসভি
- মা ও শিশু কল্যাণ কেন্দ্র ঃ আইইউডি, মিনিপিল (আপন), ইমপ্ল্যান্ট, টিউবেকটমি, এনএসভি
- জেলা/ সদর হাসপাতাল ঃ আইইউডি, মিনিপিল (আপন), ইমপ্ল্যান্ট, টিউবেকটমি, এনএসভি

৩. প্রসব পরবর্তী সেবা (৪২ দিনের মধ্যে), বর্ধিত প্রসব পরবর্তী সময় (প্রসবের ৪২ দিনের পর থেকে পরবর্তী ১ বছর) এবং শিশুর ই.পি,আই টিকা গ্রহণের সময় পিপিএফপি সেবা পাওয়ার সুযোগ সম্পর্কে পরামর্শ প্রদান।

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) কাউন্সেলিং বান্ডেল ঃ উপাদানসমূহ

গ. প্রসব পরবর্তী সেবা (পিএনসি) গ্রহণকালে (ওপিডি) প্রসব পরবর্তী পরিকল্পনা বিষয়ে পরামর্শ (কাউন্সেলিং) বান্ডেল

- সন্তান প্রসবের পর পুনরায় গর্ভধারণ ক্ষমতা (Fertility) ফিরে আসা, জন্মবিরতির সুবিধা এবং কমপক্ষে ২ বছর বিরতি নিয়ে গর্ভধারণ করার জন্য পরামর্শ প্রদান
- প্রসবের পর প্রথম ৬ মাস শিশুকে শুধুমাত্র বুকের দুধ খাওয়ানোর জন্য পরামর্শ দেয়া (EBF)
- গর্ভধারণ রোধে ল্যাকটেশন্যাল এ্যমনোরিয়া মেথড (LAM) এর কার্যকর ব্যবহারবিধি এবং LAM ও বুকের দুধ খাওয়ানোর মধ্যে পার্থক্য বুঝিয়ে বলা
- যত তাড়াড়াড়ি সম্ভব যেকোন একটি আধুনিক পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহার করার জন্য কাউন্সেলিং করা
- প্রসব পরবর্তীতে নির্দিষ্ট সময় ব্যবহার উপযোগী আধুনিক পরিবার পরিকল্পনা পদ্ধতিগুলো গ্রহণের ব্যাপারে পরামর্শ প্রদান (কাউন্সেলিং) [কনডম, মিনিপিল (আপন), ইঞ্জেকটেবলস, মিশ্র খাবাড় বড়ি (সুখী), ইমপ্ল্যান্ট, আইইউডি, টিউবেকটমি, এনএসভি
- প্রসব পরবর্তী সেবার সময় (প্রসবের ৪২ দিনের মধ্যে), বর্ধিত প্রসব পরবর্তী সময় (প্রসবের ৪২ দিনের পর থেকে পরবর্তী ১ বছর) ও শিশুর ই.পি,আই টিকাদানকালে পিপিএফপি পদ্ধতি গ্রহণের সুযোগ সম্পর্কে পরামর্শ প্রদান।
- পরিবার পরিকল্পনা পদ্ধতির সম্ভাব্য জটিলতা সম্পর্কে পরামর্শ দেওয়া এবং যেকোন প্রকার পরিবার পরিকল্পনা পদ্ধতি জনিত জটিলতায় নিকটস্থ পরিবার পরিকল্পনা সেবাকেন্দ্রে ফলো-আপ বিষয়ে পরামর্শ প্রদান।

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) কাউন্সেলিং বান্ডেল

প্রায়োগিক সংজ্ঞা

(Operational Definition)

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) কাউন্সেলিং বান্ডেল ঃ প্রায়োগিক সংজ্ঞা

ক. স্বাস্থ্য কেন্দ্রে গর্ভকালীন সেবা নিতে আসা মায়েদের জন্য ঃ

প্রায়োগিক/ অপারেশনাল সংজ্ঞা ঃ

স্বাস্থ্য কেন্দ্রে গর্ভকালীন সেবা নিতে আসা মায়েদের অনুপাত যারা নিম্নলিখিত পরামর্শ সমূহ (কাউন্সেলিং) গ্রহণ করেছেন:

(১) সন্তান প্রসবের পর পুনরায় গর্ভধারণ ক্ষমতা (Fertility) ফিরে আসার সময়, জন্মবিরতির সুবিধা এবং কমপক্ষে ২ বছর বিরতি নিয়ে গর্ভধারণ করার জন্য পরামর্শ প্রদান, **(২)** প্রসবের পর প্রথম ৬ মাস শিশুকে শুধুমাত্র বুকের দুধ খাওয়ানোর জন্য পরামর্শ দেয়া (EBF), **(৩)** গর্ভধারণ রোধে ল্যাকটেশন্যাল এ্যমনোরিয়া মেথড (LAM) এর কার্যকর ব্যবহারবিধি এবং LAM ও বুকের দুধ খাওয়ানোর মধ্যে পার্থক্য বুঝিয়ে বলা, (৪) প্রসবের পর যত তাড়াড়াড়ি সম্ভব যেকোন একটি উপযুক্ত আধুনিক পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহার করার জন্য কাউন্সেলিং করা, (৫) প্রসব পরবর্তীতে নির্দিষ্ট সময় ব্যবহার উপযোগী আধুনিক পরিবার পরিকল্পনা পদ্ধতিগুলো গ্রহণের ব্যাপারে পরামর্শ প্রদান (কাউন্সেলিং) [কনডম, মিনিপিল (আপন), ইঞ্জেকটেবলস, মিশ্র খাবাড় বড়ি (সুখী), ইমপ্ল্যান্ট, আইইউডি, টিউবেকটমি, এনএসভি], **(৬)** স্বাস্থ্য কেন্দ্রে প্রসবকালীন সময়, প্রসব পরবর্তী সেবার সময় (প্রসবের ৪২ দিনের মধ্যে), বর্ধিত প্রসব পরবর্তী সময় (প্রসবের ৪২ দিনের পর থেকে পরবর্তী ১ বছর) ও শিশুর ই.পি,আই টিকাদানকালে পিপিএফপি পদ্ধতি গ্রহণের সুযোগ সম্পর্কে পরামর্শ প্রদান, **(৭)** পরিবার পরিকল্পনা পদ্ধতির সম্ভাব্য জটিলতা সম্পর্কে পরামর্শ দেওয়া এবং যেকোন প্রকার পরিবার পরিকল্পনা পদ্ধতি জনিত জটিলতায় নিকটস্থ পরিবার পরিকল্পনা সেবাকেন্দ্রে ফলো-আপ বিষয়ে পরামর্শ প্রদান।

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) কাউন্সেলিং বান্ডেল ঃ প্রায়োগিক সংজ্ঞা

খ. স্বাস্থ্য কেন্দ্রে প্রসব করানো মায়েদের জন্য*ঃ

প্রায়োগিক/ অপারেশনাল সংজ্ঞা ঃ

স্বাস্থ্য কেন্দ্রে প্রসবের জন্য ভর্তি হওয়া মহিলাদের অনুপাত যারা নিম্নলিখিত পরামর্শ সমূহ (কাউন্সেলিং) গ্রহণ করেছেন:

(১) প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনার (পিপিএফপি) বিভিন্ন পদ্ধতির বিষয়ে সাধারণ পরামর্শ

- মা, স্বামী এবং পরিবারকে পুনরায় গর্ভধারণ ক্ষমতা (Fertility) ফিরে আসার সময় সম্পর্কে,
- জন্ম বিরতির সুবিধা এবং কমপক্ষে ২ বছর বিরতি নিয়ে গর্ভধারণ করার জন্য পরামর্শ,
- বিভিন্ন পরিবার পরিকল্পনা পদ্ধতির প্রাপ্তি/সহজলভ্যতা এবং সেগুলো ব্যবহারের উপযুক্ত সময় সম্পর্কে পরামর্শ

(২) যদি পরামর্শ গ্রহণকারী নিজেই কোন পদ্ধতি নির্বাচন করেন, তাহলে সেই পদ্ধতির উপর আলোকপাত করে বিশেষভাবে পরামর্শ প্রদান (কাউন্সেলিং),

(৩) প্রসব পরবর্তী সেবার সময় (প্রসবের ৪২ দিনের মধ্যে), বর্ধিত প্রসব পরবর্তী সময় (প্রসবের ৪২ দিনের পর থেকে পরবর্তী ১ বছর) এবং শিশুর ই.পি,আই টিকা গ্রহণের সময় পিপিএফপি সেবা পাওয়ার সুযোগ সম্পর্কে পরামর্শ প্রদান।

*প্রসব পরবর্তী সময় যদি মায়ের অবস্থা স্থিতিশীল থাকে এবং মা সাড়া দিতে পারেন, তবে উক্ত মা এই প্রক্রিয়ার অন্তর্ভূক্ত হবেন।)

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) কাউন্সেলিং বান্ডেল ঃ প্রায়োগিক সংজ্ঞা

গ. স্বাস্থ্য কেন্দ্রে প্রসব পরবর্তী সেবা নিতে আসা মায়েদের জন্য ঃ

প্রায়োগিক/ অপারেশনাল সংজ্ঞা ঃ

স্বাস্থ্য কেন্দ্রে প্রসব পরবর্তী সেবা (পিএনসি) নিতে আসা মহিলাদের অনুপাত যারা নিম্নলিখিত পরামর্শ সমূহ (কাউন্সেলিং) গ্রহণ করেছেন:

(১) সন্তান প্রসবের পর পুনরায় গর্ভধারণ ক্ষমতা (Fertility) ফিরে আসার সময়, জন্মবিরতির সুবিধা এবং কমপক্ষে ২ বছর বিরতি নিয়ে গর্ভধারণ করার জন্য পরামর্শ প্রদান, (২) প্রসবের পর প্রথম ৬ মাস শিশুকে শুধুমাত্র বুকের দুধ খাওয়ানোর জন্য পরামর্শ দেয়া (EBF), (৩) গর্ভধারণ রোধে ল্যাকটেশন্যাল এ্যমনোরিয়া মেথড (LAM) এর কার্যকর ব্যবহারবিধি এবং LAM ও বুকের দুধ খাওয়ানোর মধ্যে পার্থক্য বুঝিয়ে বলা, (৪) যত তাড়াড়াড়ি সম্ভব যেকোন একটি উপযুক্ত আধুনিক পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহার করার জন্য কাউন্সেলিং করা, (৫) প্রসব পরবর্তীতে নির্দিষ্ট সময় ব্যবহার উপযোগী আধুনিক পরিবার পরিকল্পনা পদ্ধতিগুলো গ্রহণের ব্যাপারে পরামর্শ প্রদান (কাউন্সেলিং) [কনডম, মিনিপিল (আপন), ইঞ্জেকটেবলস, মিশ্র খাবাড় বড়ি (সুখী), ইমপ্ল্যান্ট, আইইউডি, টিউবেকটমি, এনএসভি], (৬) প্রসব পরবর্তী সেবার সময় (প্রসবের ৪২ দিনের মধ্যে), বর্ধিত প্রসব পরবর্তী সময় (প্রসবের ৪২ দিনের পর থেকে পরবর্তী ১ বছর) ও শিশুর ই.পি,আই টিকাদানকালে পিপিএফপি পদ্ধতি গ্রহণের সুযোগ সম্পর্কে পরামর্শ প্রদান, (৭) পরিবার পরিকল্পনা পদ্ধতির সম্ভাব্য জটিলতা সম্পর্কে পরামর্শ দেওয়া এবং যেকোন প্রকার পরিবার পরিকল্পনা পদ্ধতি জনিত জটিলতায় নিকটস্থ পরিবার পরিকল্পনা সেবাকেন্দ্রে ফলো-আপ বিষয়ে পরামর্শ প্রদান।

বিশেষ দ্রষ্টব্য ঃ যদি কোন মা এরই মধ্যে কোন স্থায়ী পদ্ধতি গ্রহণ করে থাকেন তবে এই প্রক্রিয়ার বাহিরে থাকবেন।

প্রসব পরবর্তী পরিকল্পনা পরিবার পরিকল্পনা বিষয়ে কাউন্সেলিং



কাউন্সেলিং টুলস

(Counseling Tools)

প্রসব পরবর্তী পরিকল্পনা পরিবার পরিকল্পনা বিষয়ে কাউন্সেলিং

পরিবার পরিকল্পনা পদ্ধতিসমূহ ও সেবা প্রাপ্তির স্থান

সেবাসমূহ	সেবা প্রাপ্তির স্থান
স্থায়ী পদ্ধতি (টিউবেক্টমি এবং এনএসভি)	নির্বাচিত ইউএইচ এন্ড এফডব্লিউসি ,উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মা ও শিশু কল্যান কেন্দ্র, নির্বাচিত জেলা সদর হাসপাতাল, মডেল পরিবার পরিকল্পনা ক্লিনিক, এনজিও/বেসরকারী ক্লিনিক, এমএফএসটিসি (মোহাম্মদপুর), এমসিএইচটিআই (আজিমপুর) ও বিএসএমএমইউ
আইইউডি	কমিউনিটি ক্লিনিক, ইউএইচএন্ড এফডব্লিউসি, উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্স, মা ও শিশু কল্যান কেন্দ্র, নির্বাচিত জেলা সদর হাসপাতাল, মডেল পরিবার পরিকল্পনা ক্লিনিক, এনজিও/বেসরকারী ক্লিনিক, এমএফএসটিসি (মোহাম্মদপুর), এমসিএইচটিআই (আজিমপুর) ও বিএসএমএমইউ
ইমপ্লান্ট/ইমপ্ল্যানন	নির্বাচিত ইউএইচ এন্ড এফডবিউসি, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মা ও শিশু কল্যান কেন্দ্র, জেলা সদর হাসপাতাল, মডেল পরিবার পরিকল্পনা ক্লিনিক, এনজিও/বেসরকারী ক্লিনিক, এমএফএসটিসি (মোহাম্মদপুর), এমসিএইচটিআই (আজিমপুর) ও বিএসএমএমইউ
ইনজেকটেবলস	ইউএইচ এন্ড এফডব্লিউসি, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মা ও শিশু কল্যানকেন্দ্র, জেলা সদর হাসপাতাল, মডেল পরিবার পরিকল্পনা ক্লিনিক, এনজিও/বেসরকারী ক্লিনিক, এমএফএসটিসি (মোহাম্মদপুর), এমসিএইচটিআই (আজিমপুর), স্যাটেলাইট ক্লিনিক, কমিউনিটি ক্লিনিক ও এস এমসি ক্লাস্টার ক্লিনিক ও বিএসএমএমইউ।
খাবার বড়ি (সুখী/আপন)	স্যাটেলাইট ক্লিনিক, কমিউনিটি ক্লিনিক, ইউএইচ এন্ড এফডব্লিউসি, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মা ও শিশু কল্যাণ কেন্দ্র, জেলা সদর হাসপাতাল, মডেল পরিবার পরিকল্পনা ক্লিনিক, এনজিও/বেসরকারী ক্লিনিক, এমএফএসটিসি (মোহাম্মদপুর), এমসিএইচটিআই (আজিমপুর) ও বিএসএমএমইউ।
কনডম	স্যাটেলাইট ক্লিনিক, কমিউনিটি ক্লিনিক, ইউএইচ এন্ড এফডব্লিউসি, উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্স, মা ও শিশু কল্যাণ কেন্দ্র, জেলা সদর হাসপাতাল, মডেল পরিবার পরিকল্পনা ক্লিনিক, এনজিও/বেসরকারী ক্লিনিক, এমএফএসটিসি (মোহাম্মদপুর), এমসিএইচটিআই (আজিমপুর) ও বিএসএমএমইউ।
ইসিপি	ফার্মেসী, স্যাটেলাইট ক্লিনিক, কমিউনিটি ক্লিনিক, ইউএইচএন্ড এফডবিউসি, উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্স, মা ও শিশু কল্যাণ কেন্দ্র, জেলা সদর হাসপাত[illegible] পরিকল্পনা ক্লিনিক, এনজিও/বেসরকারী ক্লিনিক, এমএফএসটি[illegible] এমসিএইচটিআই (আজিমপুর) ও বিএসএমএমইউ।

কনডম

কনডম কি যৌন মিলনকে কম আনন্দদায়ক করে?
না। বরং কেউ কেউ বলেন, কনডম ব্যবহার করে বেশি আনন্দ লাভ করেন। কারণ কনডম ব্যবহারে গর্ভবতী হওয়া বা যৌনবাহিত রোগে আক্রান্ত হওয়ার চিন্তা থাকেনা। এছাড়াও কনডম যৌনমিলন ও বীর্যপাতের আগে আনন্দদায়ক সময়কে অধিকক্ষণ স্থায়ী করে।

ইনজেকশন

জন্মবিরতিকরণ ইনজেকশন নিলে বন্ধ্যা হয়ে যাওয়ার সম্ভাবনা থাকে কি?
না। ইনজেকশন বন্ধ্যাত্ব তৈরী করে না। ইনজেকশন নেওয়া বন্ধ করার পর পুনরায় গর্ভধারণে কিছুটা দেরি হতে পারে মাত্র, তবে সবার ক্ষেত্রে দেরি নাও হতে পারে।।

বুকের দুধ খাওয়ানো নির্ভর জন্মবিরতিকরণ পদ্ধতি (ল্যাম)

বুকের দুধ খাওয়ালে গর্ভধারণ হয় না। এটা কি ঠিক?
না। বুকের দুধ খাওয়ানো-নির্ভর জন্মবিরতিকরণ পদ্ধতি (ল্যাম) ব্যবহারকালীন সময়ে সঠিক নিয়ম মেনে চললেই এই পদ্ধতি প্রসবের পর শুধুমাত্র প্রথম ছয় মাস পর্যন্ত কার্যকরী। তবে প্রসবের পর প্রথম মাসিক ফিরে আসার পূর্বেই ডিম্ব প্রস্ফুটিত হয়, তাই গর্ভধারণ ক্ষমতা ফিরে আসা আগে থেকে অনুধাবন করা যায় না। সেক্ষেত্রে পুনরায় গর্ভধারনের ঝুকি থেকে যায়।

খাবার বড়ি

মিশ্র খাবার বড়ি থেকে ক্যান্সার হতে পারে?
না। মিশ্র খাবার বড়ি থেকে ক্যান্সার হওয়ার কোন প্রমাণ এখন পর্যন্ত পাওয়া যায়নি। উপরন্তু এটা দুই ধরনের ক্যান্সার প্রতিরোধে সাহায্য করে থাকে: ক. ডিম্বাশয়ের (Ovary) ক্যান্সার; খ. এন্ডোমেট্রিয়াল (জরায়ুর ভিতরের আবরণের) ক্যান্সার।

খাবার বড়ি কি মহিলাদের অনুর্বর বা বন্ধ্যা করে?
না। খাবার বড়ি কোন মহিলাকে অনুর্বর বা বন্ধ্যা করে না। প্রজননক্ষম মহিলা বড়ি খাওয়া বন্ধ করলেই গর্ভধারণে সক্ষম হবেন। তবে খাবার বড়ি খাওয়া বন্ধ করার পর গর্ভধারণের জন্য কোনো কোনো মহিলাকে কিছুদিন অপেক্ষা করতে হতে পারে।

যদি কোন মহিলার একটি সন্তানও না থাকে তবে কি তার বড়ি খাওয়া ঠিক?
হ্যাঁ। যাদের সন্তান আছে এবং যাদের সন্তান নেই - সবার জন্যই খাবার বড়ি নিরাপদ। তবে সন্তান প্রসবের ছয় মাস পর্যন্ত শুধুমাত্র প্রজেস্টেরণ সমৃদ্ধ খাবার বড়ি "আপন" এবং ছয় মাস পর থেকে মিশ্র খাবার বড়ি "সুখী" খেতে হবে।

খাবার বড়ি কি মহিলাদের দুর্বল করে?
না। খাবার বড়ি মহিলাদের দুর্বল করে না। উপরন্তু, খাবার বড়ি খাওয়ার পর মহিলারা আরো শক্ত সামর্থ হন। কেননা এটা তাদের ঘন ঘন গর্ভধারণ প্রতিরোধ করে এবং রক্তস্বল্পতা দূর করে। যদি অন্য কোনো কারণে দুর্বলতা অনুভব করেন তাহলে ডাক্তারের পরামর্শ গ্রহণ করাই উত্তম।

যে সকল মহিলা খাবার বড়ি গ্রহণ করেন, তাদের যৌনস্পৃহা বেড়ে বা কমে যায় কি?
না। যৌনস্পৃহা একেক জনের বেলায় একেক রকম। যৌনস্পৃহা নির্ভর করে মানসিক অবস্থার উপর। খাবার বড়ি গ্রহণ বা বর্জনের সাথে এর কোন সম্পর্ক নেই।

খাবার বড়ি খেলে কি পেপটিক আলসার হয়?
না। পেপটিক আলসার তৈরি করতে পারে এমন কোন উপাদান খাবার বড়িতে থাকে না। কাজেই, খাবার বড়িতে পেপটিক আলসার হয় না।

পরিবার পরিকল্পনা কার্যক্রম কি কেবলমাত্র বাংলাদেশেই আছে? অন্যান্য মুসলিম দেশের অবস্থা কী?
পরিবার পরিকল্পনা কার্যক্রম বাংলাদেশসহ প্রায় সকল মুসলিম দেশেই রয়েছে। পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার: ইরান ৮২%, তুরস্ক ৭৪%, মরক্কো ৬৭% - যারা বাংলাদেশ থেকে এগিয়ে আছে; বাংলাদেশে ৬২.৪%।

বাংলাদেশ সরকারের পরিবার পরিকল্পনা কার্যক্রমের একটি শ্লোগান-"দুটি সন্তানের বেশী নয়-একটি হলে ভাল হয়"; এই শ্লোগানটি সরকার কেন গ্রহণ করেছে?
উন্নত পরিবার গঠন, সীমিত ভূমি ও সম্পদের ব্যবহার নিশ্চিতকরণে সরকার হিসেব কষে দেখেছেন যে, গড়ে দু'টি সন্তান হলে জনসংখ্যা আর বাড়বে না। তার অর্থ এ নয় যে, সবাই দু'টির মধ্যেই সীমাবদ্ধ রাখবে। স্বচ্ছল পরিবার কেউ হয়তো দু'টির অধিক সন্তানও নিতে পারেন। বিষয়টি বাধ্যতামূলক করা হয়নি। আবার অস্বচ্ছল পরিবার একটির মধ্যে সীমিত রাখতে পারে। সেই ক্ষেত্রে সকল প্রকার সহযোগিতা প্রদান করতে সরকার যথেষ্ট সচেষ্ট।

তথ্যসূত্র:
পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত "পরিবার পরিকল্পনা ম্যানুয়াল; মে ২০১৭" ও "ইসলামের আলোকে পরিবার পরিকল্পনায় মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা; অক্টোবর ২০১৬"।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন:
www.dgfp.gov.bd

USAID | Save the Children

এই ব্রোশিউরটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ আইইসি টেকনিক্যাল কমিটি কর্তৃক অনুমোদিত এবং ইউএসএআইডির 'মামনি' মাতৃ ও নবজাতক স্বাস্থ্যসেবা উন্নয়ন প্রকল্প কর্তৃক ২০১৯ সালে পুনর্মুদ্রিত। এখানে প্রকাশিত মতামত ইউএসএআইডি কিংবা যুক্তরাষ্ট্র সরকারের মতামতকে প্রতিফলিত করে না।

পরিবার পরিকল্পনা পদ্ধতিসমূহ নিয়ে সাধারণ জনমনে প্রচলিত ভ্রান্ত ধারণা-শংকা-দ্বিধা সমূহ এবং তা থেকে উত্তরণের উপায়

পরিবার পরিকল্পনা ও প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের ক্ষেত্রে একটি বড় বাধা হচ্ছে পরিবার পরিকল্পনার পদ্ধতিসমূহ ও এর ব্যবহার নিয়ে জনমনে প্রচলিত কিছু ভুল ধারণা-শংকা-দ্বিধা। এই ব্রোশিউরটি সে সব ভুল ধারণা দূর করতে সাহায্য করবে।

যে সকল সেবাদানকারী পরিবার পরিকল্পনা নিয়ে কাউন্সেলিং করেন এই ব্রোশিউরটি তাদের জন্য।

কাউন্সেলিং টুলস

(Counseling Tools)

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা কাউন্সেলিং বান্ডেল

পর্ব ০৩ ঃ উন্নয়নের মডেল এবং লক্ষ্য নির্ধারণ

উন্নয়নের মডেল
(Model For Improvement)

অংশ

মৈলিক প্রশ্ন

পিডিসিএ সাইকেল



প্রক্রিয়া

- কিউআই টীম তৈরি করন
- লক্ষ্য নির্ধারণ
- পরিমাপ নির্ধারণ
- পরিবর্তনের ধারনা তৈরি করণ
- পরিবর্তনকে যাচাই করণ
- পরিবর্তনকে বাস্তবায়ন
- পরিবর্তনকে ছড়িয়ে দেওয়া

প্রসব পরবর্তী পরিকল্পনা পরিবার পরিকল্পনা বিষয়ে কাউন্সেলিং বান্ডেল: কিভাবে পরিমাপ ও বিশ্লেষণ করবেন?

পর্ব ০৪ ঃ পরিমাপ, ডেটা সংগ্রহ, বিশ্লেষণ, শেয়ারিং

প্রসব পরবর্তী পরিকল্পনা পরিবার পরিকল্পনা বিষয়ে কাউন্সেলিং বান্ডেল: কিভাবে পরিমাপ ও বিশ্লেষণ করবেন?

- **যোগানের পরিমাপ:** কাংখিত ফলাফল পাওয়ার জন্য প্রচেষ্টা, মূলধন, যন্ত্রপাতি এবং কাঁচামাল- অর্থাৎ যা কিছু সম্পদের যোগান দেয়া হয়েছে, তার পরিমাপ।
- **প্রক্রিয়ার পরিমাপ:** নির্ধারিত লক্ষ্য অর্জনের জন্য, **কোন প্রক্রিয়ার** মধ্যে গৃহীত প্রতিটি সুনির্দিষ্ট পদক্ষেপ, যা ইতিবাচক বা নেতিবাচক ফলাফল আসতে পারে, সেটাই **প্রক্রিয়ার পরিমাপ**।
- **ফলাফলের পরিমাপ:** বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, "প্রয়োজনীয় কোন একটি বা একাধিক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে কোন ব্যক্তি, গোষ্ঠী বা জনসংখ্যার স্বাস্থ্যগত অবস্থার পরিবর্তনই ফলাফলের পরিমাপ। মৃত্যুহার, সেবাকেন্দ্রে পুনরায় ভর্তি, রোগীর অভিজ্ঞতা ইত্যাদি সবই **ফলাফলের পরিমাপ**।
- **ভারসাম্যকরণের পরিমাপ:**

পিপিএফপি কাউন্সেলিং বান্ডেল ঃ কীভাবে পরিমাপ ও বিশ্লেষণ করবেন?

স্বাস্থ্য কেন্দ্রে গর্ভকলীন সেবা নিতে আসা মায়েদের জন্য

গর্ভকালীন সেবায়

ফলাফল নির্দেশক/সূচক (Outcome Indicators) ঃ

নির্দেশক ঃ স্বাস্থ্য কেন্দ্রে গর্ভকালীন সেবা (এএনসি) গ্রহণকালে মানসম্মত প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পরামর্শ গ্রহণ করছেন এমন মায়ের শতকরা হার।

লব: স্বাস্থ্য কেন্দ্রে গর্ভকালীন সেবা (এএনসি) গ্রহণকালে মানসম্মত প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পরামর্শ গ্রহণ করছেন এমন মায়ের মোট সংখ্যা।

হর: স্বাস্থ্য কেন্দ্রে গর্ভকালীন সেবা (এএনসি) গ্রহণ করেছেন এমন মায়ের মোট সংখ্যা।

ইউনিট: প্রতি ১০০।

পিপিএফপি কাউন্সেলিং বান্ডেল ঃ কীভাবে পরিমাপ ও বিশ্লেষণ করবেন?

প্রসবকালীন সেবায়

ফলাফল নির্দেশক/সূচক (Outcome Indicators) ঃ

১. নির্দেশক ঃ স্বাস্থ্য কেন্দ্রে প্রসব করানো মায়ের শতকরা হার যারা মানসম্মত পিপিএফপি পরামর্শ (কাউন্সেলিং) গ্রহণ করেছেন।

লব: স্বাস্থ্য কেন্দ্রে প্রসব করানো মায়ের মোট সংখ্যা যারা মানসম্মত পিপিএফপি পরামর্শ (কাউন্সেলিং) গ্রহণ করেছেন।

হর: স্বাস্থ্য কেন্দ্রে প্রসব করানো মায়ের মোট সংখ্যা।*

ইউনিট: প্রতি ১০০

২. নির্দেশক ঃ স্বাস্থ্য কেন্দ্রে প্রসব করানো মায়ের শতকরা হার যারা পিপিএফপি পদ্ধতি গ্রহণ করেছেন।

লব: স্বাস্থ্য কেন্দ্রে প্রসব করানো মায়ের মোট সংখ্যা যারা পিপিএফপি পদ্ধতি গ্রহণ করেছেন।

হর: স্বাস্থ্য কেন্দ্রে প্রসব করানো মায়ের মোট সংখ্যা।*

ইউনিট: প্রতি ১০০

স্বাস্থ্য কেন্দ্রে প্রসব করানো মায়েদের জন্য

* প্রসবকালীন এবং পরবর্তী সময় যদি মায়ের অবস্থা স্থিতিশীল থাকে এবং মা সাড়া দিতে পারেন তবে তবে তিনি এই প্রক্রিয়ায় অন্তর্ভূক্ত হবেন।

পিপিএফপি কাউন্সেলিং বান্ডেল ঃ কীভাবে পরিমাপ ও বিশ্লেষণ করবেন?

স্বাস্থ্য কেন্দ্রে প্রসব পরবর্তী সেবা (পিএনসি) নিতে (ওপিডি) আসা মায়েদের জন্য

প্রসব পরবর্তী সেবায়

ফলাফল নির্দেশক/সূচক (Outcome Indicators) ঃ

নির্দেশক ঃ স্বাস্থ্য কেন্দ্রে প্রসব পরবর্তী সেবা (পিএনসি) গ্রহণকালে মানসম্মত প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পরামর্শ গ্রহণ করছেন এমন মায়ের শতকরা হার।

লব: স্বাস্থ্য কেন্দ্রে প্রসব পরবর্তী সেবা (পিএনসি) গ্রহণকালে মানসম্মত প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পরামর্শ গ্রহণ করছেন এমন মায়ের মোট সংখ্যা।

হর: স্বাস্থ্য কেন্দ্রে প্রসব পরবর্তী সেবা (পিএনসি) গ্রহণ করেছেন এমন মায়ের মোট সংখ্যা।

ইউনিট: প্রতি ১০০।

*যে সকল মা/ পরিবার স্থায়ী পদ্ধতি গ্রহণ করেছেন এমন প্রসব সেবা গ্রহণকারী মায়েরা এই প্রক্রিয়ার গণনার বাহিরে থাকবেন।

পিপিএফপি কাউন্সেলিং বান্ডেল ঃ কীভাবে পরিমাপ ও বিশ্লেষণ করবেন?

কীভাবে ডাটা বা তথ্য বিশ্লেষণ করা যেতে পারে?

পিপিএফপি কাউন্সেলিং বান্ডেল ঃ কীভাবে পরিমাপ ও বিশ্লেষণ করবেন?

সেবা





পিপিএফপি কাউন্সেলিং ফর্ম



রিপোর্টিং







ডাটা/তথ্যকে দৃশ্যমানকরণ

ডাটা শেয়ার এবং আলোচনা

পরিবর্তনের আইডিয়া

পিপিএফপি কাউন্সেলিং বান্ডেল: কিভাবে পরিমাপ ও বিশ্লেষণ করবেন?

কিভাবে পরিমাপ এবং বিশ্লেষণ করবেন?

ফ্যাসিলিটি থেকে জাতীয় পর্যায়ে ডাটা ফ্লো

ANY ONLINE PLATFORM

ডিজিএইজএস কোয়ালিটি ইমপ্রুভমেন্ট সেল

সিভিল সার্জন

ইউএইচএফপিও

আরএমও

কিউআইটি ফোকাল ব্যক্তি

পিপিএফপি কাউন্সেলিং বান্ডেল: কিভাবে পরিমাপ ও বিশ্লেষণ করবেন?
কিভাবে পরিমাপ এবং বিশ্লেষণ করবেন?

ফ্যাসিলিটি থেকে জাতীয় পর্যায়ে ডাটা ফ্লো



পিপিএফপি কাউন্সেলিং বান্ডেল ঃ কীভাবে পরিমাপ ও বিশ্লেষণ করবেন?

স্বাস্থ্য কেন্দ্রে প্রসব করানো মায়েদের ক্ষেত্রে প্রযোজ্য

পিপিএফপি কাউন্সেলিং ফর্ম

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) বান্ডেল
পিপিএফপি কাউন্সেলিং ফর্ম

(প্রাতিষ্ঠানিক প্রসবকারী মায়েদের ক্ষেত্রে প্রযোজ্য)

স্বাস্থ্য কেন্দ্রের নাম ঃ .....ঃ

ইউনিয়ন ঃ .....ঃ উপজেলা ঃ .....ঃ জেলা ঃ .....

তারিখ ঃ ..... রেজিস্ট্রেশন নং ঃ .....

সেবা গ্রহণকারীর নাম ঃ .....ঃ বয়স ঃ ..... বছর; মোবাইল নাম্বার ঃ .....

পিতা/স্বামীর নাম ঃ .....ঃ

ঠিকানা ঃ .....

ভর্তির তারিখ ঃ ..... সময় ঃ ..... ডিসচার্জের তারিখ ঃ ..... সময় ঃ .....

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা বান্ডেল- কাউন্সেলিং এ করণীয় ধাপ সমূহ:
(নিম্নবর্ণিত প্রতিটি বিষয়ের বিপরীতে হ্যাঁ/না/ প্রযোজ্য নয় - তে টিক চিহ্ন দিন এবং প্রয়োজনে মন্তব্য লিখুন)

কাউন্সেলিং	হ্যাঁ	না	প্রযোজ্য নয়	মন্তব্য
(ক) প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনার (পিপিএফপি) বিভিন্ন পদ্ধতির বিষয়ে সাধারণ পরামর্শ (কাউন্সেলিং) প্রদান করা হয়েছে (* যদি মায়ের অবস্থা স্থিতিশীল থাকে এবং সাড়া দিতে পারে)				
- মা, স্বামী এবং পরিবারকে পুনরায় গর্ভধারণ ক্ষমতা (ফার্টিলিটি) ফিরে আসার সময় সম্পর্কে কাউন্সেলিং করা হয়েছে। - জন্ম বিরতির সুবিধা এবং কমপক্ষে দুই (০২) বছর বিরতি নিয়ে গর্ভধারণ করার জন্য কাউন্সেলিং করা হয়েছে। - বিভিন্ন পরিবার পরিকল্পনা পদ্ধতির প্রাপ্তি/সহজলভ্যতা এবং সেগুলো ব্যবহারের উপযুক্ত সময় সম্পর্কে কাউন্সেলিং করা হয়েছে।				
(খ) পরামর্শ গ্রহণকারী নিজেই একটি প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতি নির্বাচন করেছেন।				
(গ) পরামর্শ গ্রহণকারীর পছন্দকৃত প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনার (পিপিএফপি) পদ্ধতির উপর আলোকপাত করে বিশেষভাবে পরামর্শ প্রদান করা হয়েছে।				
(ঘ) পরামর্শ গ্রহণকারী প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনার (পিপিএফপি) বিষয়ে সিদ্ধান্ত নিতে না পারলে পরবর্তীতে প্রসব পরবর্তী সেবা (পিএনসি)-র সময় অথবা এবং শিশুর ই.পি.আই টিকা গ্রহণের সময় পিপিএফপি পদ্ধতি পাওয়ার সুযোগ সম্পর্কে পরামর্শ প্রদান করা হয়েছে।				

স্বাস্থ্যসেবা কেন্দ্রে প্রসবের জন্য ভর্তি হওয়া মায়েদের প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা কাউন্সেলিং এর জন সেবাদানকারী প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতিসমূহের ফ্লিপস, প্রসব পরবর্তী পরিকল্পনা পরিবার পরিকল্পনা বিষয়ে কাউন্সেলিং ফ্লিপস এবং পরিবার পরিকল্পনা ম্যানুয়াল ব্যবহার করবেন।

বিঃদ্রঃ ফরমটি সেবা গ্রহণকারীর ভর্তির কাগজ/ কেইস শীট এর সাথে সংযুক্ত করুন এবং সংরক্ষণ করুন।

পিপিএফপি কাউন্সেলিং বান্ডেল ঃ কীভাবে পরিমাপ ও বিশ্লেষণ করবেন?

স্বাস্থ্য কেন্দ্রে গর্ভকলীন সেবা নিতে আসা মায়েদের জন্য

স্বাস্থ্য কেন্দ্রে প্রসব করানো মায়েদের জন্য

স্বাস্থ্য কেন্দ্রে প্রসব পরবর্তী সেবা (পিএনসি) নিতে (ওপিডি) আসা মায়েদের জন্য

পরবর্তী পরিবার পরিকল্পনা পরামর্শ বিষয়ক বান্ডেল

রিপোর্টিং টুল

সেবা কেন্দ্রের নাম: ..... এইম স্টেটমেন্ট .....

উপজেলা: ..... মাস: .....

জেলা: ..... বছর: .....

SL		পরবর্তী পরিবার পরিকল্পনা পরামর্শ বিষয়ক বান্ডেলের ইনডিকেটর	সপ্তাহ ১ (তারিখ ১-৭)	সপ্তাহ ২ (তারিখ ৮-১৪)	সপ্তাহ ৩ (তারিখ ১৫-২১)	সপ্তাহ ৪ (তারিখ ২২-৩১)	মাসিক যোগফল
১	গর্ভকালীন সেবায়	স্বাস্থ্য কেন্দ্রে গর্ভকালীন সেবা (এএনসি) গ্রহণকালে প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পরামর্শ গ্রহণকারী মায়ের সংখ্যা					
২		স্বাস্থ্য কেন্দ্রে গর্ভকালীন সেবা (এএনসি) গ্রহণকালে মানসম্মত প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পরামর্শ গ্রহণকারী মায়ের সংখ্যা					
৩		স্বাস্থ্য কেন্দ্রে গর্ভকালীন সেবা (এএনসি) গ্রহণকালে মানসম্মত প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পরামর্শ গ্রহণকারী মায়ের শতকরা হার [ফরমুলা = (রো ২/ রো ১) x ১০০]					
৪	প্রসবকালীন সেবায়	স্বাস্থ্য কেন্দ্রে প্রসব সেবা গ্রহণের সময় প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা বিষয়ক পরামর্শ (কাউন্সেলিং) গ্রহণ করেছেন এমন মায়ের সংখ্যা					
৫		স্বাস্থ্য কেন্দ্রে প্রসব সেবা গ্রহণের সময় মানসম্মত প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা বিষয়ক পরামর্শ (কাউন্সেলিং) গ্রহণ করেছেন এমন মায়ের সংখ্যা					
৬		স্বাস্থ্য কেন্দ্রে প্রসব সেবা গ্রহণের সময় মানসম্মত প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা বিষয়ক পরামর্শ (কাউন্সেলিং) গ্রহণ করেছেন এমন মায়ের শতকরা হার [ফরমুলা = (রো ৫/ রো ৪) x ১০০]					
৭		স্বাস্থ্য কেন্দ্রে প্রসব সেবা গ্রহণের সময় যেকোন ১টি পদ্ধতি গ্রহণ করেছে এমন মায়ের সংখ্যা					
৮	প্রসব পরবর্তী সেবায়	স্বাস্থ্য কেন্দ্রে প্রসব পরবর্তী সেবা (পিএনসি) গ্রহণকালে প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পরামর্শ গ্রহণ করছেন এমন মায়ের সংখ্যা					
৯		স্বাস্থ্য কেন্দ্রে প্রসব পরবর্তী সেবা (পিএনসি) গ্রহণকালে মান সম্পন্ন প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পরামর্শ গ্রহণ করছেন এমন মায়ের সংখ্যা					
১০		স্বাস্থ্য কেন্দ্রে প্রসব পরবর্তী সেবা (পিএনসি) গ্রহণকালে মান সম্পন্ন প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পরামর্শ গ্রহণ করছেন এমন মায়ের শতকরা হার [ফরমুলা = (রো ৯/ রো ৮) x ১০০]					

রিপোর্ট প্রস্তুতকারীঃ

নাম ও স্বাক্ষরঃ ..... পদবী..... তারিখঃ .....

পিপিএফপি কাউন্সেলিং বান্ডেল ঃ কীভাবে পরিমাপ ও বিশ্লেষণ করবেন?

অবসারভেশনাল চেকলিস্ট

স্বাস্থ্য কেন্দ্রে গর্ভকলীন সেবা নিতে আসা মায়েদের জন্য

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) বান্ডেল

স্বাস্থ্যসেবা কেন্দ্রে প্রসব করানো নারীদের জন্য প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা বিষয়ে পরামর্শ (কাউন্সেলিং)

অবসারভেশনাল চেকলিস্ট

স্বাস্থ্যকেন্দ্রের নাম ঃ ..... ইউনিয়ন: .....

উপজেলা: ..... জেলা: .....

মাস ঃ ..... বছর ঃ .....

(নিম্নবর্ণিত প্রতিটি বিষয়ের বিপরীতে হ্যাঁ/না/ প্রযোজ্য নয় - তে টিক চিহ্ন দিন এবং প্রয়োজনে মন্তব্য লিখুন)

প্রসব পরবর্তী পরিকল্পনা পরিবার পরিকল্পনা বিষয়ে পরামর্শ (কাউন্সেলিং) পর্যবেক্ষণ	হ্যাঁ	না	প্রযোজ্য নয়	মন্তব্য
ঃ সম্ভাষণ করা হয়েছে				
ানানো হয়েছে				
দয়া হয়েছে				
অবস্থা জিজ্ঞেসা করা হয়েছে				
বর্তী পরিবার পরিকল্পনার (পিপিএফপি) বিভিন্ন পদ্ধতির বিষয়ে সাধারণ পরামর্শ (কাউন্সেলিং) প্রদান করা হয়েছে (* যদি ছুতিশীল থাকে এবং সাড়া দিতে পারে)				
এবং পরিবারকে পুনরায় গর্ভধারণ ক্ষমতা (ফার্টিলিটি) ফিরে আসার পূর্বে কাউন্সেলিং করা হয়েছে।				

স্বাস্থ্য কেন্দ্রে প্রসব করানো মায়েদের জন্য

স্বাস্থ্য কেন্দ্রে প্রসব পরবর্তী সেবা (পিএনসি) নিতে (ওপিডি) আসা মায়েদের জন্য

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) বান্ডেল

গর্ভকালীন সেবা (এএনসি) নেওয়া মায়েদের প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা বিষয়ে পরামর্শ (কাউন্সেলিং)

অবসারভেশনাল চেকলিস্ট

স্বাস্থ্যকেন্দ্রের নাম ঃ ..... ইউনিয়ন: .....

উপজেলা: ..... জেলা: .....

মাস ঃ ..... বছর ঃ .....

গর্ভকালীন সেবা (এএনসি) গ্রহণকারী মায়েদের ক্ষেত্রে প্রযোজ্য

(নিম্নবর্ণিত প্রতিটি বিষয়ের বিপরীতে হ্যাঁ/না/ প্রযোজ্য নয় - তে টিক চিহ্ন দিন এবং প্রয়োজনে মন্তব্য লিখুন)

প্রসব পরবর্তী পরিকল্পনা পরিবার পরিকল্পনা বিষয়ে পরামর্শ (কাউন্সেলিং) পর্যবেক্ষণ	হ্যাঁ	না	প্রযোজ্য নয়	মন্তব্য
(ক) হাসিমুখে সম্ভাষণ করা হয়েছে				
(খ) স্বাগত জানানো হয়েছে				
(গ) বসতে দেয়া হয়েছে				
(ঘ) শারীরিক অবস্থা জিজ্ঞেসা করা হয়েছে				

প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) বান্ডেল

প্রসব পরবর্তী সেবা (পিএনসি) নেওয়া মায়েদের প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা বিষয়ে পরামর্শ (কাউন্সেলিং)

অবসারভেশনাল চেকলিস্ট

স্বাস্থ্যকেন্দ্রের নাম ঃ ..... ইউনিয়ন: .....

উপজেলা: ..... জেলা: .....

মাস ঃ ..... বছর ঃ .....

প্রসব পরবর্তী সেবা (পিএনসি) গ্রহণকারী মায়েদের ক্ষেত্রে প্রযোজ্য

(নিম্নবর্ণিত প্রতিটি বিষয়ের বিপরীতে হ্যাঁ/না/ প্রযোজ্য নয় - তে টিক চিহ্ন দিন এবং প্রয়োজনে মন্তব্য লিখুন)

প্রসব পরবর্তী পরিকল্পনা পরিবার পরিকল্পনা বিষয়ে পরামর্শ (কাউন্সেলিং) পর্যবেক্ষণ	হ্যাঁ	না	প্রযোজ্য নয়	মন্তব্য
(ক) হাসিমুখে সম্ভাষণ করা হয়েছে				
(খ) স্বাগত জানানো হয়েছে				
(গ) বসতে দেয়া হয়েছে				
(ঘ) শারীরিক অবস্থা জিজ্ঞেসা করা হয়েছে				

কীভাবে ডাটা বা তথ্য বিশ্লেষণ করা যেতে পারে?

ডাটা কিভাবে বিশ্লেষণ করা হবে?

সর্ব স্তরে ডাটা বিশ্লেষণ

মডেল ফর ইম্প্রুভমেন্টের মধ্যেই ডাটা/তথ্যের প্রবাহ থাকতে হবে এবং “টীকাযুক্ত রান চার্ট”-এর মাধ্যমে পরিবর্তনকে দৃশ্যমান করতে হবে। .

<u>কিউআই ফোকাল পয়েন্ট/ দায়িত্ব প্রাপ্ত ব্যাক্তির পরিবর্তনকে দৃশ্যমান করার জন্য পারদর্শী হতে হবে।</u>

.

পিপিএফপি কাউন্সেলিং বান্ডেল ঃ কীভাবে পরিমাপ ও বিশ্লেষণ করবেন?

ডাটা কিভাবে বিশ্লেষণ করা হবে?

রান চার্ট ঃ একটি উদাহরণ



<u>কিউআই ফোকাল পয়েন্ট/ দায়িত্ব প্রাপ্ত ব্যাক্তির পরিবর্তনকে দৃশ্যমান করার জন্য পারদর্শী হতে হবে।</u>

পিপিএফপি কাউন্সেলিং বান্ডেল : কিভাবে পরিমাপ ও বিশ্লেষণ করা যায়?

ডাটা কিভাবে বিশ্লেষণ করা হবে?





কিউআই ফোকাল পয়েন্ট / দলের নেতৃত্ব এবং অন¨ান¨ কিউআই দলের সদস¨রা রান চার্টগুলি ব¨াখ¨া করতে এবং পরিবর্তনগুলি প্রদর্শন করতে সক্ষম হবেন

ভিজ্যুয়াল ডিসপ্লে বোর্ড (এমএনসিএইচ কিউআই বোর্ড): ডাটা শেয়ারিং পয়েন্ট

ভিজ্যুয়াল ডিসপে বোর্ড হল প্রক্রিয়া, পারফরম্যান্স এবং কোয়ালিটেটিভ ও কোয়ান্টিটেটিভ উপাত্ত প্রদর্শনের একটি মাধ্যম যার মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রদানকারী গণ নিজেদের প্রাত্যাহিক কাজের এবং মান উন্নয়নের প্রজেক্ট / বান্ডলের অগ্রগতি সম্পর্কে ধারনা / সহায়তা পেতে পারেন

<u>কিউআই বোর্ড প্রদর্শনের জন¨ নূন¨তম বিষয়বস্তু:</u>

- মান উন্নয়ন/ কিউ আই টিমের পরিচিতি
- চলমান সকল কিউ আই প্রজেক্ট / বান্ডলের নির্ধারিত লক্ষ্য (৮ সপ্তাহের ব্যাবধানে পরিবরতনশীল)
- চলমান সকল কিউ আই প্রজেক্ট / বান্ডলের ফিশবোন বিশেষণ
- চলমান সকল কিউ আই প্রজেক্ট / বান্ডলের টীকাযুক্ত রান চার্ট
- চলমান সকল কিউ আই প্রজেক্ট / বান্ডলের পিডিসিএ চক্র

***ভিজ্যুয়াল ডিসপে বোর্ডের অবস্থানঃ স্ব স্ব বিভাগ / ইউনিটের সামনে অথবা ইউনিটের ভিতরে (যেমন এএনসি বান্ডলের ক্ষেত্রে এএনসি কর্নার, ভেজাইনাল ডেলিভারি বান্ডলের ক্ষেত্রে লেবার র ম).*



পার্ট ৫: ইমপ্লিমেন্টেশন গাইড

পিপিএফপি কাউন্সেলিং বান্ডেল - বাস্তবায়ন সারাংশ

প্রস্তুতি

ফ¨াসিলিটি প্রস্তুত করুন

একটি উন্নয়ন দল তৈরি করুন

স্বাস্থ্য কেন্দ্রে গর্ভকলীন সেবা নিতে আসা মায়েদের জন্য

কি উন্নতি করতে হবে তা স্থির করুন



উন্নয়নের ফাঁকগুলি চিহ্নিত করে তা কাটিয়ে ওঠার জন¨ বাঁধাগুলি চিহ্নিত করুন

পরিবর্তনের পরিকল্পনা এবং পরীক্ষা করুন



পরিবর্তনের ফলে উন্নতি হয়েছে কি না তা নির্ধারণ করুন

উন্নয়নকে অভ¨াসে পরিনত করুন

পিপিএফপি কাউন্সেলিং বান্ডেল : পূর্বশর্ত

পিপিএফপি কাউন্সেলিং বান্ডেল বাস্তবায়নের পরিকল্পানা করার আগে নিম্নলিখিত কিছু সুপারিশ বিবেচনা করা প্রয়োজন

সুপারিশ ১	পিপিএফপি কাউন্সেলিং প্রশিক্ষন প্রাপ্ত সেবাপ্রদানকারী নিশ্চিত করুন
সুপারিশ ২	পর্যাপ্ত গোপনীয়তা সহ এএনসি/পিএনসি কর্নার নিশ্চিত করুন
সুপারিশ ৩	পিপিএফপি কাউন্সেলিং-এর প্রয়োজনীয় রেজিষ্ট্রার/ পিপিফপি কাউন্সেলিং ফর্ম নিশ্চিত করুন
সুপারিশ ৪	পিপিএফপি কাউন্সেলিং-এর পোসটার/জব এইড নিশ্চিত করুন

পিপিএফপি কাউন্সেলিং বান্ডেল ইমপ্লিমেন্টেশন গাইড

ধাপ ১: একটি উন্নায়ন দল তৈরী করুন

❑ উন্নয়ন দল গঠনের সময়, নিম্নলিখিত বিষয় সমূহ বিবেচনা করতে হবে।

১) ফ¨াসিলিটি স্তরে বিষয় ভিত্তিক বিশেষজ্ঞসহ একজন ম¨ানেজার এবং অন¨ান¨ লিডারদের কাছ থেকে সমর্থন নিতে হবে।
২) উন্নয়ন দলে কাদের থাকা উচিত তা নির্ধারণ করুন।
৩) উন্নয়ন দলকে সংগঠিত করুন।
৪) উন্নয়ন দলের জন¨ একজন নেতা/লিডার নির্বাচন করুন- একজন আদর্শ লিডার সময় বিনিয়োগ করতে পারেন এবং সম্পদের ব¨বস্থা করতে পারেন, উন্নতির পথে বাঁধা দূর করতে পারেন এবং ফ¨াসিলিটির বিভিন্ন নেতাদের কাছে দলের কাজের প্রতিনিধিত্ব করতে পারেন- একজন আদর্শ লিডার হল এই ফ¨াসিলিটির গুনমান পরির্চযার একজন উদ¨মী চ¨াম্পিয়ন।

❑ উন্নয়ন দল সংগঠিত করন

টিম লিডার: দলের কার্যক্রম পরিচালনা করে এবং দায়িত্ব অর্পণ করেন।

টিম মেন্টর: মিটিংয়ের পরিকল্পনা করতে এবং উন্নয়ন প্রকল্প পরিচালোনার জন¨ প্রয়োজনীয় সহায়তা, উপকরণ এবং তথ¨ সরবরাহ করেন।

রেকর্ড কিপার: দলের আলোচনা এবং সিx্যান্তের লিখিত রেকর্ড বজায় রাখে

ফ¨াসিলিটির প্রতিবেদক: ফ¨াসিলিটির বাকি কর্মীদের সাথে দলের উন্নয়ন কার্যক্রম এর যোগাযোগ স্থাপন করেন।

ডাটা ম¨ানেজার: কোনও পরিবর্তনের ফলে উন্নতি হচ্ছে কিনা তা নির্ধারণ করতে ডাটা সংগ্রহ করেন এবং বিশ্লেষণ করেন।

বান্ডেল ইমপ্লিমেন্টেশন গাইড

ধাপ ২: কি উন্নতি করতে হবে তা স্থির করুন

- মানসম্পন্ন পিপিএফপি কাউন্সেলিং বান্ডেল ব¨বস্থাপনায় কোথায় ফাঁক থাকতে পারে এবং কোথায় উন্নতির প্রয়োজন তা বুঝুন।
- মানসম্পন্ন পিপিএফপি কাউন্সেলিং বান্ডেল ব¨বস্থাপনায় ফাঁক চিহ্নিত করুন।
- পিপিএফপি কাউন্সেলিং বান্ডেল ব¨বস্থাপনায় কী উন্নতি করতে হবে তা বেছে নিন।
- পিপিএফপি কাউন্সেলিং বান্ডেল ব¨বস্থাপনায় বর্তমান পরিস্থিতি বোঝার জন¨ একটি বেসলাইন তথ¨পরিমাপ এবং যাচাই করুন।
- উন্নতির জন¨ একটি লক্ষ¨ বিবৃতি তৈরি করুন।

বান্ডেল ইমপ্লিমেন্টেশন গাইড

ধাপ ৩: উন্নায়নের ফাকঁগুলি চিহ্নিত করার জন¨ বাঁধাগুলি বেছে নিন

কিছু বাঁধার উদাহরণ:

১) জ্ঞান ও দক্ষাতার অভাব
২) কর্মী ঘাটতি
৩) অপযার্প্ত সরবরাহ
৪) প্রতিকূল অবকাঠামো
৫) অপযার্প্ত আর্থিক সম্পদ
৬) প্রথাগত এবং সাংস্কৃতিক বিশ্বাস যা প্রস্তাবিত সেবাদানে হস্তক্ষেপ করে
৭) খারাপভাবে সংগঠিত প্রক্রিয়া
৮) প্রেরণা / উদ্দীপনার অভাব
৯) নেতৃত্ব এবং পরিচালনার সাথে চ¨ালেঞ্জ
১০)সেবাদানকারীদের সুবিধা



চিত্র: ফিশবোন ডায়াগ্রাম



চিত্র: "৫টি কেন"ডায়াগ্রাম

বান্ডেল ইমপ্লিমেন্টেশন গাইড

ধাপ ৪: পরিবর্তনের পরিকল্পনা এবং পরীক্ষা করুন

পরিবর্তনের জন¨ একটি পরিকল্পনা তৈরী করুন

১) একটি পরিকল্পনা তৈরী করে কী ভাবে পরিবর্তনগুলি করতে হয় তা বর্ণনা করুন যা কী কাজ, কে, কোথায়, কখন এবং কী ভাবে করবে তা বর্ণনা করবে

২) পরিবর্তন পরিমাপের জন¨ একটি পরিকল্পনা তৈরী করুন এবং কোন ডাটা/তথ¨ সংগ্রহ করতে হবে তা নির্ধারণ করুন

৩) পরিবর্তনটি পছন্দসই প্রভাব তৈরি করে কিনা তা নির্ধারণ করতে ডাটা/তথ¨ সংগ্রহ করুন

৪) ডাটা কিভাবে সংগ্রহ করতে হবে এবং কে সংগ্রহ করবে তা নির্ধারণ করুন

৫) প্রতিটি পরীক্ষার পরিবর্তন কতক্ষণ স্থায়ী হবে তা নির্ধারণ করুন

পরিকল্পনার পরিবর্তনগুলি পরীক্ষা করুন

১) পরিবর্তনটি আনয়ন করা সম্ভব কিনা তা নির্ধারণ করে শুরু করুন

২) যদি পরিবর্তনটি আনয়ন করা সম্ভব হয়, তবে পরিবর্তনটি পরিক্ষা করুন, ছোট সেবা থেকে শুরু করুন এবং ফলাফলগুলি পর্যবেক্ষণ করুন

৩) যদি ছোট স্কেলে পরিবর্তনটি আনয়নে সফল হন তবে তা বড় পরিসরে চেষ্টা করুন

৪) পরিবর্তনগুলির জন¨ সমর্থনের সন্ধান করুন (যেমন, সহকর্মী, সুপারভাইজার, ম¨ানেজার, লিডার, বিষয় ভিত্তিক বিশেষজ্ঞ, ইত¨াদি)

বান্ডেল ইমপ্লিমেন্টেশন গাইড

ধাপ ৫: পরিবর্তনের ফলে উন্নতি হয়েছে কিনা তা নির্ধারণ করুন

পরিবর্তনটি উন্নয়ন সাধন করেছে কিনা তা নির্ধারণ করুন

১) পরিবর্তনের পরে প্রক্রিয়া বা ফলাফলের কোন উন্নতি হয়েছে কিনা তা নির্ধারণ করুন

২) পরবর্তী পদক্ষেপের বিষয়ে সিx্ধান্ত নিন

৩) উন্নতির পরবর্তী চক্র শুরু করুন

৪) ভিজু¨য়াল বোর্ড ব¨বহার করে পরিবর্তন ঘটেছে কিনা তা নির্ধারন করতে ডাটা একটি চার্ট বা গ্রাফে প্রদর্শন করুন

বান্ডেল ইমপ্লিমেন্টেশন গাইড

ধাপ ৬: উন্নতিকে অভ্যাসে পরিনত করুন

একটি উন্নতিকে ফ্যাসিলিটির রুটিনের একটি স্থায়ী অংশ করুন

১) উন্নায়ন দল পরিবর্তনের প্রক্রিয়ার নেতৃত্ব দিতে পারে, তবে উন্নতি করার জন্য টিমের দায়িত্ব হচ্ছে ফ্যাসিলিটির ব্যবস্থাপনার কাছে সুপারিশগুলি তুলে ধরা

২) যখন উন্নতির প্রমাণ এবং পরিবর্তনের জন্য প্রমাণিত কৌশল প্রদান করা হয়, তখন ব্যবস্থাপক এবং প্রশাসকরা উন্নতিকে দীর্ঘস্থায়ী করতে সাহায্য করতে পারেন

৩) ম্যানেজার /প্রশাসক, বিষয় ভিত্তিক বিশেষজ্ঞরা সংশোধিত নির্দেশকা, নীতি, কাজের বিবরণ এবং প্রশিক্ষণ সামগ্রীতে সফল পরিবর্তনকে অর্ন্তভুক্ত করতে পারেন

৪) তারা পরিবর্তনগুলি বজায় রাখার জন্য প্রয়োজনীয় কর্মী এবং সরবরাহের জন্য বাজেট পরিচালনা করতে পারে

৫) ব্যবস্থাপক / প্রশাসকরা স্বাস্থ্য সুবিধার বিভিন্ন শাখার মধ্যে সমন্বয়ের নেতৃত্ব দিতে পারেন যা পরিবর্তন প্রক্রিয়ার সাথে সরাসরি সম্পর্কিত

মাতৃ স্বাস্থ্যের জন্য রেফারেন্স উপকরণসমূহ

- বাংলাদেশ ন্যাশনাল ম্যাটারনাল স্ট্রাটেজি
- এসওপি ভলিউম ১ এবং ২
- অবসটেট্রিক গাইডলাইন-ওজিএসবি
- আরএমএনসিএএইচ ফ্রেমওয়ার্ক বাংলাদেশ
- একলাম্পশিয়া এবং পিপিএইচ কর্ম পরিকল্পনা, বাংলাদেশ
- স্ট্যান্ডার্ড ক্লিনিক্যাল ম্যানেজমেন্ট প্রটোকল এবং ফ্লোচার্ট ইমারজেন্সি অবসটেট্রিক্যাল অ্যান্ড নিউনেটাল কেয়ার, ২০১৯
- ফ্যামিলি প্লানিং গাইডলাইন

USAID
আমেরিকার জনগণের পক্ষ থেকে

Save the Children

ধন্যবাদ

jhpiego
Saving lives. Improving health. Transforming futures.

BSM

THE COUNCIL FOR HEALTH SERVICE ACCREDITATION OF SOUTHERN AFRICA
COHSASA
Quality Improvement in Health Care

PHD
Partners in Health and Development

icddr,b
KNOWLEDGE FOR GLOBAL LIFESAVING SOLUTIONS

dnet

Institute for Healthcare Improvement